

সূত্র: বিইআরসি/লাইসেন্স/মতামত/২০২১

তারিখ: ০৪ই এপ্রিল, ২০২১

বরাবর

চেয়ারম্যান,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) প্রস্তাবনার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রণীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) সম্পর্কে প্রবিধানমালাটি আপনাদের প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে আমাদের দৃষ্টিগোচর হয়। উক্ত প্রবিধানমালা বিশ্লেষণ করে আমরা বেশ কিছু বিষয়ে আমাদের মতামত প্রদান করা জরুরী মনে করছি। কিন্তু বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে সামাজিক দূরত্ব বজায় রাখার নিমিত্তে আমরা উক্ত বিষয়সমূহ নিয়ে আমাদের সংগঠনের সদস্যবৃন্দদের সাথে আলোচনা করতে না পারায় প্রস্তাবনার উপর মতামত প্রদান করা সম্ভব হয়নি।

বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কথা বিবেচনাপূর্বক আগামী ১৮/০৪/২০২১ ইং তারিখে রোজ রবিবার আমাদের সংগঠনের একটি অনলাইন সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় বিষয়টি নিয়ে সংগঠনের সদস্যবৃন্দদের সাথে আলোচনা করে প্রস্তাবনার উপর মতামত গ্রহণ করা হবে এবং “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া)” প্রসঙ্গে আমাদের মতামত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনকে অবহিত করা হবে ইনশাল্লাহ।

অতএব, মহোদয়ের নিকট সবিনয় আরজি, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কথা বিবেচনা করে “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া)” সম্পর্কে মতামত প্রদানের সময় বৃদ্ধির অনুরোধ জানানো হলো।

নিবেদক



মোঃ হাসিন পারভেজ  
মহাসচিব

মোহাম্মদ সিরাজুল মাওলা  
সভাপতি